দৈনিক
ইনকিলাব

31 MAR 2008

# ডিগ্রি পাস ও সাবসিডিয়ারি পরীক্ষা আজ শুরু

স্টাফ রিপোর্টার

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০০৭ সালের ডিগ্রি পাস ও সাবসিডিয়ারি পরীক্ষা আজ (সোমবার) শুরু হচ্ছে। এ বছর দেশের ১ হাজার ৪০৩টি কলেজের মোট ২ লাখ ২৩ হাজার ৮৪৪ জন শিক্ষার্থী ৪৯০টি কেন্দ্রে ডিগ্রি পাস ও সাবসিডিয়ারি পরীক্ষায় অংশগ্রহণ করছে। এর মধ্যে বিএ, বিএসএস, বিএসসি এবং বিকম কোর্সের প্রথম, দ্বিতীয় ও তৃতীয় বর্ষে মোট ২ লাখ ২১ হাজার ৫২৯ জন শিক্ষার্থী পরীক্ষা দিচ্ছে, ডিগ্রি পাস পৃঃ ২ঃ কঃ ৬

## ডিগ্রি পাস ও সাবসিডিয়ারি

*১২-এর পৃষ্ঠার পর*

পরীক্ষার্থীদের মধ্যে ছাত্র ১ লাখ ২৩ হাজার ৯৮৬ জন এবং ছাত্রী ৯৭ হাজার ৫৪৩ জন। বিএ প্রথম বর্ষ পরীক্ষায় অংশ নিচ্ছে ৩০ হাজার ১২৬ জন, দ্বিতীয় বর্ষে ২৬ হাজার ৯৭৭ জন ও তৃতীয় বর্ষে ৪০ হাজার ৩৪৫ জন। বিএসএস প্রথম বর্ষে ৩২ হাজার ৪০৯ জন, দ্বিতীয় বর্ষে ৪ হাজার ৪৩৭ জন ও তৃতীয় বর্ষে ৫ হাজার ৮০১ জন। বিএসসিতে প্রথম বর্ষে ৪ হাজার ১২৫ জন, দ্বিতীয় বর্ষে ৪ হাজার ৪২৭ জন ও তৃতীয় বর্ষে ৩ হাজার ২৩৮ জন এবং বিকম প্রথম বর্ষে ১৬ হাজার ৬৭৩ জন, দ্বিতীয় বর্ষে ১৫ হাজার ৪২৬ জন ও তৃতীয় বর্ষে ১৪ হাজার ৫৪৫ জন পরীক্ষা দিচ্ছে। এছাড়া বিমিউজিকে ৮২ জন, বি স্পোর্টসে ৫০ জন, সার্টিফিকেট কোর্সে ৫৭৭ জন এবং সাবসিডিয়ারিতে ১ হাজার ৬০৬ জন ছাত্রছাত্রী পরীক্ষায় অংশ নিচ্ছে। সারাদেশে সুষ্ঠু ও সুশৃঙ্খলভাবে পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজ ও স্থানীয় প্রশাসনের সহযোগিতায় জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সার্বিক প্রস্তুতি গ্রহণ করেছে।